# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

## মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং-ইআবি/পরি/ঢা/ফাজিল-প্রা.পা/২০২৫/১৫৪৮১ তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে ঝাউতলা আনোয়ারিয়া আলিম মাদরাসা, ডাকঘর: পাড়াবালিয়া, উপজেলা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ (JAWTALA ANUWARIA ALIM MADRASAH (EIIN-110369, CODE-12287) এর অধ্যক্ষের ২১.০৮.২০২৫ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ-১৩ এর গ অনুযায়ী গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ-১৩ এর-ঙ মোতাবেক নিম্নোক্ত শর্তে ০৯.১২.২০২৫ খ্রি. থেকে ০৮.১২.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহ:**

১. ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তর এর কার্যক্রম চালু হবে।
২. ফাজিল বিএ স্তরের ক্লাসের জন্য আলাদা কক্ষ ও একটি বিভাগীয় কক্ষ নির্ধারণ করতে হবে এবং লাইব্রেরিতে ফাজিল স্তরের সকল বই ও রেফারেন্স বইসমূহ থাকতে হবে।
৩. ফাজিল বিএ স্তরের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ দিতে হবে।
৪. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর নির্মাণের পাশাপাশি মূল ফটকে বাংলা, ইংরেজি ও আরবিতে মাদরাসার নাম থাকতে হবে এবং নির্মাণাধীন ভবনের কাজ দ্রুততম সময়ের মধ্যে শেষ করে একাডেমিক কার্যক্রম চালু করতে হবে।
৫. শিক্ষার মানোন্নয়নের জন্য মাদরাসায় হোস্টেল ব্যবস্থা থাকতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৬. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরো সুসজ্জিত করত: ডিজিটাল হাজিরা ও প্রজেক্টরের ব্যবস্থা করতে হবে।
৭. প্রত্যেক শ্রেণির শিক্ষার্থীর জন্য ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৮. মেয়ে শিক্ষার্থীদের ক্লাসের জন্য পর্দার ব্যবস্থাসহ আলাদা ওয়াশরুম, কমনরুম ও নামাজের ব্যবস্থা করতে হবে।
৯. প্রত্যেক শ্রেণিকক্ষের সামনে ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্বলিত নেমপ্লেট স্থাপন করতে হবে।
১০. শিক্ষার্থীদের কো-কারিকুলার এক্সট্রিভিটিজ ও মেধা বিকাশের জন্য "ভাষা (আরবি ও ইংরেজি) ক্লাব, ডিবেট ক্লাব, ক্রিয়েটিং রাইটিং ক্লাব ও আর্ট অ্যান্ড ফটোগ্রাফি ক্লাব চালু করতে হবে এবং ছাত্র সংসদ গঠন করতে হবে।
১১. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ভাষা শিক্ষার প্রতি অতিব গুরুত্ব প্রদান করতে হবে।
১২. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

০৯/১২/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
ঝাউতলা আনোয়ারিয়া আলিম মাদরাসা
ডাকঘর: পাড়াবালিয়া, উপজেলা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ।

স্মারক নং-ইআবি/পরি/ঢা/ফাজিল-প্রা.পা/২০২৫/১৫৪৮১ তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, ঝাউতলা আনোয়ারিয়া আলিম মাদরাসা, পাড়াবালিয়া, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
৭। অফিস নথি।

০৯/১২/২৫

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়